তারিখ 07 APR 2016
পৃষ্ঠা 6 কলাম 2

দৈনিক ইত্তেফাক

# জেলা পর্যায়ে মেডিক্যাল কলেজ

স্নাতক ও স্নাতকোত্তর চিকিৎসকেরা সাধারণত পল্লি এলাকায় সেবা দিতে অনিচ্ছুক। ফলে পল্লি অঞ্চলে চিকিৎসাসেবা প্রদানের জন্য চিকিৎসকদের প্রেরণ করা সরকারের পক্ষে কঠিন হয়ে পড়েছে। জেলা শহরগুলোতে মেডিক্যাল কলেজ স্থাপন ও পরিচালনা করে কেবল এ সমস্যার সমাধান করা যাবে। বাংলাদেশে চিকিৎসা শিক্ষা প্রদানের জন্য যথেষ্ট শিক্ষক পাওয়া যাবে, যাঁরা স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষা প্রদান করতে পারেন। চিকিৎসা শিক্ষা ক্ষেত্রে বিপুল বিনিয়োগ থেকে অভাবনীয় রিটার্ন অর্জিত হবে। এ ক্ষেত্রে সময়ক্ষেপণের অর্থ সুযোগ কাজে না লাগিয়ে উন্নয়নের গতি হ্রাস করা। এ ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**মো. আশরাফ হোসেন**, কোম্পানি সচিব,
পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লি.
৮/এ, রমনা, ঢাকা ১০০০